

ভারতে মাঝআকাশে ভয়াবহ ঝড়ের কবলে ইন্ডিগো ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 22 May, 2025



ঢাকাঃ ভারতের ইন্ডিগোর একটি উড়োজাহাজ মাঝআকাশে ভয়াবহ ঝড়ের কবলে পড়েছিল। ফ্লাইট ৬ই ২১৪২ উড়োজাহাজটি বুধবার (২১ মে) রাজধানী দিল্লি থেকে কাশ্মিরের শ্রীনগরে যাচ্ছিল। তখনই হঠাৎ শিলাবৃষ্টি ও ঝড়ের মধ্যে পড়ে যায় এটি। ঝড়ের তীব্রতা এতটাই বেশি ছিল যে, উড়োজাহাজটির সামনের অংশ (নাক) ধসে গেছে।

শ্রীনগর বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, স্থানীয় সময় সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে উড়োজাহাজটি নিরাপদে অবতরণ করে।

পরবর্তীতে এক বিবৃতিতে এয়ারলাইন্সটি জানিয়েছে, পাইলট ও ক্রু সাধারণ প্রটোকল অনুসরণ করেন এবং উড়োজাহাজটি নিরাপদে অবতরণ করেছে। এরপর আতঙ্কিত যাত্রীদের প্রয়োজনীয় সহযোগিতা করা হয় বলেও জানিয়েছে তারা।

উড়োজাহাজটি আপাতত গ্রাউন্ডে রাখা হয়েছে। এটি পরীক্ষা-নিরীক্ষা ও রক্ষণাবেক্ষণ শেষে আবারও আকাশে উড়বে।

ওয়াইস মাকবুল নামে এক যাত্রী মাইক্রো ব্লগিং সাইট এক্সে লিখেছেন, “আমি উড়োজাহাজে ছিলাম এবং বাড়িতে যাচ্ছিলাম। এটি ছিল সাক্ষাৎ মৃত্যুর অভিজ্ঞতা। উড়োজাহাজের নাক ক্ষতিগ্রস্ত হয়েছে। ঝড়ের সময় সবার মধ্যে আতঙ্ক তৈরি হয় এবং মানুষ চিৎকার করছিল। সবাই ভয় পেয়ে যায়।”

এক্সে প্রকাশিত ভিডিওতে দেখা যাচ্ছে, উড়োজাহাজের ভেতর আতঙ্কগ্রস্ত যাত্রীরা চিৎকার করছেন। এ সময় অনেকে সৃষ্টিকর্তার নাম জোরে জোরে উচ্চারণ করছিলেন। যিনি ভিডিও করেছেন তার চেহারাতেও আতঙ্কের ছাপ স্পষ্ট ছিল।

